ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ ।। ৫ এপ্রিল ২০২৬ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকায়। |
| স্থান | : | সভা কক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২ । |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "**ক**"

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন উপস্থিত সকল বিভাগীয় প্রধানদের স্বাগত জানান। সভাপতি বলেন, নাগরিক সেবাকে সর্বোচ্চ মানে উন্নীত করাই আমাদের প্রধান অঙ্গীকার। এ বিষয়ে সবার আন্তরিক সহযোগিতা ও পেশাদার মনোভাবের মাধ্যমে আধুনিক ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে গঠনমূলক মতামত প্রদানের আহ্বান জানান।

সভায় ডিএনসিসির বাজেট, বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের বর্তমান পরিস্থিতি, বিদ্যমান সমস্যা ও করণীয় বিষয়ে গুরুত্বের সাথে আলোচনা হয়। সভায় বাজেট রিভিউ, রাজস্ব আদায় বৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন, বনায়ন ও সবুজায়ন,পরিস্কার পরিচ্ছন্নতা, মশক নিয়ন্ত্রণ, মার্কেট নির্মাণ, সড়ক বাতি জ্বালানো, বিল পরিশোধ, মামলা সংক্রান্ত কার্যক্রম ইত্যাদি বিষয়ে বিশদ অলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীহ হয়:-

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১ | : | নতুন টার্গেট অনুসারে রাজস্ব আদায় জোরদার করতে হবে এবং আগামী বুধবারের সভায় রাজস্ব আদায় উপস্থাপন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২ | : | নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকৌশল বিভাগের চলমান উন্নয়ন কাজসমূহ শেষ করতে হবে। |
| বাস্তবায়ন | | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৩ | : | মশক নিয়ন্ত্রণ কার্যক্রম আরো জোরদার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মশক নিয়ন্ত্রণ সংক্রান্ত টেকনিক্যাল কমিটির সভা করতে হবে। |
| বাস্তবায়ন | | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৪ | : | বর্জ্য ব্যবস্থাপনা কাজে আরো গতিশীলতা আনতে হবে। বিশেষ করে মেইন রোডগুলোর পরিস্কার-পরিচ্ছন্নতায় আরো যত্নবান হতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৫ | : | নগরীর শেওড়াপাড়া থেকে কাজী পাড়া এলাকা এবং বিভিন্ন জায়গায় রাস্তায় ময়লার স্তুপ দেখা যায়; দ্রুত এসকল বর্জ্য অপসারণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৬ | : | সভায় ২০২৫-২০২৬ অর্থবছরে ঘোষিত বাজেট রিভিউ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | নগরীর যে সকল এলাকায় স্ট্রীট লাইট বন্ধ রয়েছে; সেগুলো পরিদর্শন করে দ্রুত সকল লাইট জ্বালানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী(বিদ্যুৎ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | দিনের আলো ব্যবহার করে অফিসিয়াল কার্যক্রম সম্পন্ন করতে হবে। অফিস ত্যাগ করার সময় বৈদ্যুতিক ফ্যান, লাইট এবং এসি বন্ধ রাখতে হবে। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান সকল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,সকল অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | বিদ্যুৎ ও জ্বালানি সংকট নিরসণে সরকারী নির্দেশনা পালন করতে হবে। |
| বাস্তবায়ন | : | সকল বিভাগীয় প্রধান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | প্রতিটি আঞ্চলিক কার্যালয়ে অফিস চলাকালীন সরকারী নির্দেশনা মেনে এসি, লাইট, ফ্যান ব্যবহার করতে হবে এবং অফিস ত্যাগ কালে বন্ধ করে অফিস ত্যাগ করতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,সকল অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | ডিএসিসি'র আওতাধীন মার্কেটসমূহ সরকার নির্ধারিত সময়সূচি অনুযায়ী সন্ধ্যায় বন্ধ করতে হবে ও এ বিষয়ে দোকান বরাদ্দ প্রাপক ও মালিক সমিতিকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে এবং বিষয়টি মনিটরিং করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১২ | : | ডিএনসিসির মালিকাধীন প্যারিস রোডের মার্কেটটি ভাঙার প্রয়োজন হলে দ্রুত সময়ের মধ্যে সম্ভাব্যতা যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৩ | : | ডিএনসিসির মালিকাধীন শাহ আলী মার্কেট এর ড্রইং ডিজাইনসহ মালিক সমিতির সাথে সভা করতে হবে। |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৪ | : | যে সকল মার্কেট নির্মাণ ও বরাদ্দ প্রদানে আইনগত জটিলতা নেই তার দ্রুত নির্মাণ/ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৫ | : | সৌন্দর্য বর্ধন ও সবুজায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় সংলগ্ন ফুটওভার ব্রীজ, মহাখালী ফ্লাইওভারের নীচে, ইসিবি চত্তর সংলগ্ন ২(দুই) টি ফুটওভার ব্রীজ, গুলশান, বনানী, অভিজাত এলাকার মিডিয়ানে বনায়নের জন্য বৃক্ষ রোপনের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী বুধবার ০৮/০৪/২০২৬ খ্রি: তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় সংলগ্ন ফুটওভার ব্রীজ থেকে এ কার্যক্রম শুরু করতে হবে এবং আগামী ১৫ এপ্রিল এর মধ্যে উক্ত অংশের বৃক্ষ রোপনের কাজ সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৬ | : | সকাল ১১.০০ ঘটিকার পর থেকে গুরুত্বপূর্ণ প্রধান সড়কসমূহের বর্জ্য অপসারণের জন্য কুইক রেসপন্স টিম এর আদলে টিম গঠন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৭ | : | নগরীর ৬৫ টি ফুটওভার ব্রীজ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য কমপক্ষে ৭০ জন পরিচ্ছন্ন কর্মী নিয়োজিত করার বিষয়ে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৮ | : | আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে দ্রুত নগরীর বর্জ্য অপসারণের জন্য একটি প্ল্যান প্রস্তুত করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৯ | : | আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে দ্রুত নগরীর বর্জ্য অপসারণের সাথে সংশ্লিষ্ট ব্যাগ, ব্লিচিং পাউডার ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম ভান্ডার ও ক্রয় বিভাগ মজুদ রাখবেন। |
| বাস্তবায়ন | : | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২০ | : | আইন বিভাগের চলমান মামলাসমূহের তালিকা করে প্রশাসক মহোদয়ের নিকট সারসংক্ষেপ উপস্থাপন করতে হবে। |
| বাস্তবায়ন | : | আইন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২১ | : | যে সকল উন্নয়ন ও সেবামূলক কাজ সম্পন্ন হয়েছে সে সকল কাজের বিল দ্রুত পরিশোধ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৪/২৬

মোঃ শফিকুল ইসলাম খান
ও
সভাপতি
আলোচ্য সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০-২৭৫ তারিখ : ০৫/০৪/২০২৬

বিতরণ কার্যার্থে:

..................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।